...

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়

১ সেগুনবাগিচা, ঢাকা।

...

সভাপতি	ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার সচিব
সভার তারিখ	২৩/০৩/২০২১ খ্রি.
সভার সময়	১০ঃ০০ ঘটিকা
স্থান	কমিশনের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সংযুক্ত

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। শুরুতেই ২৭/১২/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর, সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র. নং	বিষয়/আলোচ্য	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	আগামী ৩১ মার্চ ২০২১ খ্রিঃ তারিখের মধ্য অনলাইন প্লাটফরমে কর্মকর্তা-কর্মচারীদের জন্য সুশাসন সংক্রান্ত একটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করতে হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি)
২	জুম স্লট ক্রয়	বিদ্যমান কোভিড পরিস্থিতিতে অনলাইন সভা, প্রশিক্ষণ এবং কর্মশালা আয়োজন নিশ্চিত করতে Zoom Webinar 500 Attendees ক্যাপাসিটির জুম স্লট ক্রয় করতে হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি)
৩	নথির শ্রেণিবিন্যাস সংক্রান্ত কর্মশালা আয়োজন	নথির শ্রেণিবিন্যাস এবং বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত সচিবালয় নির্দেশিকা ও দুদক রেকর্ড ম্যানুয়াল বিষয়ে কর্মকর্তা-কর্মচারীবৃন্দের জন্য ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে একটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করতে হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি)
৪	উন্নতমানের কাপড়ের মাস্ক সরবরাহ	কোভিড পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা নিশ্চিত করতে কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য জরুরি ভিত্তিতে উন্নতমানের কাপড়ের মাস্ক সরবরাহ করার উদ্যোগ গ্রহণ করতে হবে ।	মহাপরিচালক (প্রশাসন)
৫	কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম	ক) বিদ্যমান কোভিড পরিস্থিতিতে কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমের অংশ হিসেবে বহিরাগতদের প্রবেশ নিয়ন্ত্রণ করতে হবে। এ লক্ষ্যে, প্রতিটি ফ্লোরের অটোমেটিক ডোরলক সচল রয়েছে কিনা তা পরীক্ষান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) ডিজইনফেকটেড স্প্রে ফগার মেশিন ক্রয় এবং প্রত্যেক ফ্লোর এবং সব অফিস কক্ষ স্প্রের আওতায় আনার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
৬	সিটিজেন চার্টার প্রদর্শন	কমিশনের সিটিজেন চার্টারটি সচিব মহোদয়ের নিকট পর্যালোচনার জন্য উপস্থাপন করতে হবে এবং পরীক্ষান্তে কমিশন কার্যালয়ের মূল ফটকে প্রদর্শনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)

৭	উত্তমচর্চার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	মার্চ ২০২১ তারিখের মধ্যে দুর্নীতি দমন কমিশনের (ক) কোভিড স্বাস্থ্যবিধি ব্যবস্থাপনা (খ) এনফোর্সমেন্ট অভিযানের মাধ্যমে তাৎক্ষনিক সেবা ব্যবস্থা (গ) গণশুনানীর মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি (ঘ) বিক্রেতা বিহীন সততা স্টোরের মাধ্যমে শুদ্ধাচার বিকাশের উদ্যোগ এবং (ঙ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দুর্নীতি বিরোধী বক্তব্যসমৃদ্ধ পুস্তক প্রণয়ন- ইত্যাদি দুর্নীতি দমন কমিশনের অনুশীলিত উত্তমচর্চার তালিকা প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
৮	দুর্নীতি বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা আয়োজন	দুর্নীতি বিষয়ক বিতর্ক প্রতিযোগিতার অসমাপ্ত কার্যক্রম অনলাইন প্লাটফর্মে আয়োজনের নিমিত্ত জেলা প্রশাসক, বিকা ও সজেকার প্রধানদের সাথে আলোচনা করে তাদের ফিডব্যাক অনুসারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)
৯	গণশুনানী আয়োজন	আগামী পবিত্র রমজান মাসের পূর্বে পঞ্চগড় ও দিনাজপুরে জেলা ও উপজেলা পর্যায়ে ২টি গণশুনানী আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক (প্রতিরোধ) এবং পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা ১ ও ২)
১০	মতবিনিময় সভা আয়োজন	কমিশনের অনুমতির ভিত্তিতে অনলাইন প্লাটফর্মে সুশীল-সমাজ/সাংবাদিক/ছাত্রছাত্রীদের সাথে দুর্নীতি বিরোধী মতবিনিময় সভা আয়োজনের উদ্যোগ গ্রহন করতে হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)
১১	শুদ্ধাচার পুরস্কার প্রদান	৩১ মার্চ ২০২১ তারিখের মধ্যে দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তা কর্মচারীদের মনোনয়ন চূড়ান্ত করে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। এ লক্ষ্য, আগামী ১ (এক) কার্যদিবসের মধ্যে শুদ্ধাচার পুরস্কার নীতিমালার মূল্যায়ন পদ্ধতির সুচক নং ১৯ (মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রম- নম্বর-১০) অনুসারে দুদকের কর্মকর্তা-কর্মচারীদের জন্য কী কী বিষয় প্রযোজ্য হবে তা নিরূপন করে বাছাই প্রক্রিয়া শুরু করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন) মহাপরিচালক (প্রতিরোধ) মহাপরিচালক (অনু ও তদন্ত-২) ও পরিচালক (NIS এবং UNCAC Focal Point)
১২	সমঝোতা স্মারক ও চুক্তি	ক) মানবধিকার কমিশনের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ নির্ধারণের নিমিত্ত পুনরায় নথি উপস্থাপন করতে হবে। খ) মানিলন্ডারিং প্রতিরোধে প্রয়োজনীয় বিবেচিত দেশসমূহের সাথে Mutual Legal Assistance Treaty (MLAT) স্বাক্ষর এবং Extradition Act, 1974- এ দুর্নীতিকে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করার নিমিত্ত খসড়া পত্র প্রস্তুত করতে হবে।	মহাপরিচালক (মানিলন্ডারিং) ও পরিচালক (NIS এবং UNCAC Focal Point)
১৩	মুজিববর্ষ উপলক্ষে কতিপয় স্মারক প্রস্তুত	ক) মুজিববর্ষ উপলক্ষে কর্মকর্তা-কর্মচারীদের জন্য স্মারক কোটপিন, টাই প্রভৃতি তৈরি ও বিতরণ ; এবং খ) কমিশনের প্রধান কার্যালয়ে মুজিব কর্নার স্থাপনের বিষয়ে কমিশনে প্রস্তাব উপস্থাপন করা।	মহাপরিচালক (প্রশাসন)
১৪	সাকসেশন/অনারবোর্ড	কমিশনের কর্মকর্তাবৃন্দের কর্মকাল ও অবদানের স্বীকৃতি প্রদানের জন্য বিভিন্ন পদের জন্য সাকসেশন/অনারবোর্ড স্থাপনের উদ্যোগ গ্রহণ করা।	মহাপরিচালক (প্রশাসন)

পরিশেষে, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি করা হয়।

ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার
সচিব

স্মারক নম্বর: ০০.০১.০০০০.৩১০.৩১.০০১.২০.১৯

তারিখ: ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

২) পরিচালক, পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-১) (ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী ও রংপুর), দুর্নীতি দমন কমিশন

৩) জনসংযোগ কর্মকর্তা, পরিচালক (জনসংযোগ), দুর্নীতি দমন কমিশন

৪) সিস্টেম এনালিস্ট, সিস্টেম এনালিষ্ট (তথ্য ও প্রযুক্তি সেল), দুর্নীতি দমন কমিশন

৫) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালক (উন্নয়ন সহযোগী সমন্বয়), দুর্নীতি দমন কমিশন

৬) উপপরিচালক, উপপরিচালক (ব্যবস্থাপনা), দুর্নীতি দমন কমিশন

৭) উপপরিচালক, উপপরিচালক (প্রশিক্ষণ ও রেকর্ড), দুর্নীতি দমন কমিশন

৮) উপপরিচালক, উপপরিচালক (প্রশাসন), দুর্নীতি দমন কমিশন

৯) একান্ত সচিব, সচিব এর দপ্তর , দুর্নীতি দমন কমিশন

১০) সহকারী পরিচালক (উন্নয়ন সহযোগী সমন্বয়), উপপরিচালক (উন্নয়ন সহযোগী সমন্বয়), দুর্নীতি দমন কমিশন



গোলাম শাহরিয়ার চৌধুরী
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)